"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

উপজেলা পরিষদ কার্যালয়
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

মাটিরাঙ্গা উপজেলা পরিষদের আগস্ট ২০২২ খ্রি. মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।
তারিখ ঃ ০১/০৮/২০২২ খ্রি.।
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মাটিরাঙ্গা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবর্গের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদর্শিত হলো (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ জানান। সভার শুরুতে শোকাবহ মাস আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার সভা শুরু করেন। সভায় উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনগুলোতে যাতে সকল বিষয়ে সমন্বয় করে এক সাথে কাজ করে অত্র উপজেলার সকল প্রকার সমস্যা, জনগণের কাঙ্খিত সেবা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও জনগণ একসাথে কাজ করার জন্য আহবান জানান। অত:পর উক্ত মাসে যারা স্থায়ী কমিটির সভা করেছেন তাদের কমিটির আহবায়ক, সদস্য সচিব ও সদস্যদের পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়।

উপজেলা নির্বাহী অফিসার বিগত মাসের সভার কার্যবিবরণী সকলের উদ্দেশ্যে পাঠ করে শুনান। সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী কোন আপত্তি না থাকায় তা অনুমোদন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে জানান যে, শোকাবহ আগষ্ট মাসে ৫, ৮ ও ১৫ আগষ্ট ২০২২ সরকারিভাবে বিভিন্ন জাতীয় অনুষ্ঠান থাকায় ০২/০৮/২০২২ খ্রি. তারিখ উপজেলা পরিষদ সাধারণ সভার তারিখ নির্ধারিত করা হয়েছিল। জেলা প্রশাসক, খাগড়াছড়ি মহোদয়ের কার্যালয়ের স্মারক নংঃ ০৫.৪২.৪৬০০.০২৪.১৬.০০৪.২১-৪৪৭, তারিখঃ ৩১/০৭/২০২২ খ্রি. মূলে প্রাপ্ত পত্রে উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত জেলা মহোদয়ের ২নং তবলছড়ি ইউনিয়ন পরিষদ কার্যালয়, ৩নং বড়নাল ইউনিয়ন পরিষদ কার্যালয় ও ৫নং বেলছড়ি ইউনিয়ন পরিষদ কার্যালয় পরিদর্শন/দর্শনের সময়সূচি নির্ধারিত থাকায় ''উপজেলা পরিষদ সাধারণ সভাটি পূনঃ ০১/০৮/২০২২ খ্রি. তারিখ নির্ধারণ করা হয়। অতঃপর উপস্থিত সবাইকে যার যার দপ্তরের কার্যক্রম ধারাবিক ভাবে উপস্থানের জন্য সভায় অনুরোধ করেন।

উক্ত সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে গোমতি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ তফাজ্জল হোসেন শোকাবহ আগষ্ট মাসের কথা স্মরণ করে বক্তব্য শুরু করেন। সভার শুরুতে তিনি তবলছড়ি ইউ.পি চেয়ারম্যানের বিভিন্ন অনিয়ম, দূর্নীতি তুলে ধরেন এবং মাটিরাঙ্গা উপজেলা নির্বাহী অফিসারের বিরুদ্ধে মনগড়াভাবে আনীত অভিযোগ মিথ্যা ও বানোয়াট মর্মে সভায় জানান। গোমতি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আরো জানান যে, ৭টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে মাটিরাঙ্গা উপজেলা গঠিত। উপজেলার সকল ইউনিয়নে আশ্রয়ণ প্রকল্পের ঘর পর্যায়ক্রমে নির্মিত হচ্ছে/হয়েছে, অ-উপজাতীয় গুচ্ছগ্রামের খাদ্য-শস্য পৌরসভার মেয়র/ইউ.পি চেয়ারম্যানগণ কর্তৃক সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে, টিআর/কাবিখা/কাবিটাসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম যথাযথভাবে/সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে; এ বিষয়ে তবলছড়ি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব আবুল কাশেম ভূইয়া ব্যতিত পৌরসভার মেয়র ও অন্যান্য ৬জন ইউ.পি চেয়ারম্যানের কোন অভিযোগ নেই এবং পৌরসভা/ইউনিয়নে উন্নয়নমূলক কার্যক্রমে কোন দূর্নীতিও পরিলক্ষিত হয়নি/হচ্ছেনা মর্মে সভায় জানান। কিন্তু তবলছড়ি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব আবুল কাশেম ভূইয়া দায়িত্ব গ্রহণের পর হতে উন্নয়নমূলক কার্যক্রমসহ অন্যান্য প্রশাসনিক কার্যক্রমে উপজেলা প্রশাসনের সাথে কোন সমন্বয় না করে ব্যক্তি আক্রোশে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বিরুদ্ধে বানোয়াট ও মিথ্যা অভিযোগ দাখিল করেছেন এবং প্রশাসনের ভাবমূর্তি ক্ষুন্নসহ মাটিরাঙ্গা উপজেলায় এর প্রভাবে আইন-শৃঙ্খলা অবনতিসহ সরকারের উন্নয়নমূলক কার্যক্রমে বাঁধার সৃষ্টি হচ্ছে/হতে পারে মর্মে তিনি সভায় উল্লেখ করেন এবং তবলছড়ি ইউ.পি চেয়ারম্যান জনাব আবুল কাশেম ভূইয়া সভায় উপস্থিত থাকলে তিনিসহ উপস্থিত সকল চেয়ারম্যানগণ তাঁর উপস্থিতির কারণে সভায় উপস্থিত থাকবেননা মর্মে জানান এবং সাথে সাথে সভা চলাকালীন সভা হতে ওয়াক আউট করেন।

তাছাড়াও উক্ত সভায় কোরাম অনুযায়ী ইউ.পি চেয়ারম্যান না থাকায় এবং এমন উদ্ভুত পরিস্থিতির কারণে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশংকার সম্ভাবনা দেখা দেয়ায় সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা চলমান 'উপজেলা পরিষদ সাধারণ' সভা স্থগিত ঘোষণাপূর্বক সকল সদস্যগণসহ উপজেলা সম্মেলন কক্ষ ত্যাগ করেন।

পরিশেষে উক্ত সভায় কোরাম অনুযায়ী ইউপি চেয়ারম্যানগন না থাকায় এমন উদ্ভুত পরিস্থিতির কারণে আইন শৃংখলা পরিস্থিতি অবনতির আশংকার সম্ভাবনা দেয়া দেয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে চলমান উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা স্থগিত ঘোষণাপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ রফিকুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

CamScanner

স্মারক নংঃ ৪৬.৪২.৪৬৭০.০০১.০৩.০০৬.২২-১৫১, তারিখঃ০২/০৮/২০২২খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা ও চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। ভাইস চেয়ারম্যান(মহিলা/পুরুষ), মাটিরাঙ্গা উপজেলা পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। উপজেলা..অফিসার(সকল), মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। চেয়ারম্যান, তাইন্দং/তবলছড়ি/বড়নাল/আমতলী/গোমতি/বেলছড়ি/মাটিরাঙ্গা ইউপি (সকল), মাটিরাঙ্গা, খাগ ড়াছড়ি পার্বত্য জেলা।
১০। জনাব ....
১১। বেগম....................................মহিলা সদস্যা, ...ইউনিয়ন পরিষদ, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।
১২। অফিস কপি।

২-৮-২২

(তৃলা দেব)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।